Advertisement

আনন্দবাজার পত্রিকা অনলাইন
১৫ জুলাই ২০২৪



Jadavpur University

# পড়ুয়া ভর্তিতে জটিলতা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে

রাজ্যের বেসরকারি কলেজগুলিকে ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়া এ বার এখনও তাদের কোর্স চালানোর অনুমোদন দেয়নি। কিন্তু যাদবপুরের ক্ষেে এই সম্মতিও রয়েছে বলে খবর।




যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।


**নিজস্ব সংবাদদাতা**

কলকাতা শেষ আপডেট: ১৪ জুলাই ২০২৪ ০৫:১০

Share: Save:

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে পড়ুয়া ভর্তির ক্ষেত্রে জটিলতা তৈরি হয়েছে। এই ভর্তি রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের অনলাইন কাউন্সেলিংয়ের মাধ্যমে হয়ে থাকে। কিন্তু এ বার বোর্ডের সাধারণ মেধাতালিকা (জিএমআর) থেকে ইচ্ছুক ছাত্রছাত্রীদের এই বিষয়ে পছন্দ জানানোর জন্য ‘অপশন’ দেওয়া হয়নি বলে খবর।

Advertisement



রাজ্যের বেসরকারি কলেজগুলিকে ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়া এ বার এখনও তাদের কোর্স চালানোর অনুমোদন দেয়নি। কিন্তু যাদবপুরের ক্ষেত্রে এই সম্মতিও রয়েছে বলে খবর। জয়েন্ট এন্ট্রান্স বোর্ড সূত্রের খবর, ফার্মাসি নিয়ে এখনও কোনও কাজই শুরু করা যায়নি। উচ্চশিক্ষা দফতরের কারিগরি ডিরেক্টরেট থেকে সব ক’টি কলেজ, বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত আসনের সংখ্যা এখনও আসেনি। তবে বিশ্ববিদ্যালয় সূত্রের খবর, অনেক আগেই ফার্মাসি-সহ সব বিষয়ের আসনসংখ্যা কারিগরি ডিরেক্টরেটে জানিয়ে দেওয়া হয়েছিল।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য ভাস্কর গুপ্ত বলেন, “ভর্তি নেওয়া যাবে না, এমন তো হতে পারে না। প্রয়োজনে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলব।”

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের **Google News, X (Twitter), Facebook, Youtube, Threads** এবং **Instagram** পেজ)

অন্য বিষয়গুলি: Jadavpur University Students

সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:

Advertisement



Premium Unsold Cars Might be Selling for Almost Nothing

AD Search Ads



Getting a Job in Germany for Indians May be Easier Than You Think

AD Search Ads